

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদ থেকে বের হওয়ার সময় বিতাড়িত শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأُمْرِ بِالِاسْتِجَارَةِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ لِمَنْ خَرَجَ مِنَ الْمَسْجِدِ

আরবী

2048 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا بُنْدَارُ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ الْحَنَفِيُّ قَالَ: حَدَّثَنَا اللهِ عَلَى الضَّحَّاكُ بْنُ عُثْمَانَ قَالَ: حَدَّثِنِي سَعِيدٌ الْمَقْبُرِيُّ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيُسَلِّمْ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَيْقُلِ: اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ وَإِذَا خَرَجَ فَلْيُسَلِّمْ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَيْقُلِ: اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ وَإِذَا خَرَجَ فَلْيُسَلِّمْ عَلَى النَّبِيِّ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ وَلَيْقُلِ: اللَّهُمَّ أَجِرْنِي مِنَ الشَّيْطَانِ الرَّجِيم)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2048 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (484)

বাংলা

২০৪৮. আবূ হ্রাইরা রাদ্য়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ মাসজিদে প্রবেশ করবে, তখন সে যেন নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের উপর সালাম পেশ করে এবং বলে اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ (হে আল্লাহ, আপনি আমার জন্য আপনার দরজাসমূহ উন্মুক্ত করে দিন)। আর যখন মাসজিদ থেকে বের হবে, তখনও নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের উপর সালাম পেশ করে এবং বলে اللَّهُمَّ أُجِرْنِي من الشيطان الرجيم (হে আল্লাহ, আপনি আমাকে বিতাড়িত শয়তান থেকে আশ্রয় দিন)।"[1]

ফুটনোট



[1] ইবনু মাজাহ: ৭৭৩; ইবনুস সুন্নী: ৮৬; হাকিম: ১/২০৭; সুনান বাইহাকী: ২/৪৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন